# 11586 - বিয়ে দ্বীনদারির অর্ধেক এটা কি ঠিক

প্রশ্ন

যে ব্যক্তি বিয়ে করল সে তার দ্বীনদারির অর্ধেক পূর্ণ করল— এমন কথা কি সঠিক? এর পক্ষে দলিল কি?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

বিয়ে শরয়িত অনুমোদিত বিধান হওয়ার পক্ষে সুন্নাহ্‌র দলিল রয়েছে। এটি রাসূলদের সুন্নত। আল্লাহ্‌ তাওফিক দিলে বিয়ের মাধ্যমে ব্যক্তি অনেক অকল্যাণের ঝোঁক প্রবণতাকে জয় করতে সক্ষম হয়। কেননা বিয়ে দৃষ্টিকে অবনমিত করে, যৌনাঙ্গকে সুরক্ষা করে; যেমনটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম স্পষ্টভাবে বলেছেন: "হে যুব সমাজ! তোমাদের মধ্যে যারা সামর্থ্য রাখ তাদের উচিত বিয়ে করে ফেলা। কেননা বিয়ে দৃষ্টি অবনতকারী ও লজ্জাস্থানকে হেফাযতকারী..."[সহিহ বুখারী ও সহিহ মুসলিম]

ইমাম হাকেম "আল-মুসতাদরাক" গ্রন্থে আনাস (রাঃ) থেকে বর্ণনা করেন যে: "আল্লাহ্‌ যাকে নেক স্ত্রী দান করেছেন তাকে তিনি অর্ধেক দ্বীনদারি সুরক্ষা করার ক্ষেত্রে সহযোগিতা করেছেন। অতএব তার উচিত বাকী অর্ধেকের ব্যাপারে আল্লাহ্‌কে ভয় করা।"

ইমাম বাইহাকী "শুআবুল ঈমান" নামক গ্রন্থে "রাক্কাশি" থেকে বর্ণনা করেন যে: "যে ব্যক্তি বিয়ে করেছে সে তার দ্বীনদারির অর্ধেক পূর্ণ করেছে; অতএব তার উচিত বাকী অর্ধেকের ক্ষেত্রে আল্লাহ্‌কে ভয় করা।"[আলবানী "সহিহুত তারগীব ওয়াত তারহীব" গ্রন্থে (১৯১৬) হাদিসটিকে "হাসান লি গাইরিহি" বলেছেন]

আল্লাহ্‌ই তাওফিকদাতা।